গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২২

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ প্রণয়নপূর্বক ২৭/১২/২০১৮ তারিখে কার্যকর করা হয়েছে। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী এ্যাকশন প্ল্যান প্রণয়ন করা হয়েছে। ২০১৭ ও ২০১৮ সালে স্বাস্থ্য সেবা বিভাগ, তথ্য মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে মাদকের ভয়াবহতার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভা করা হয়েছে। মাদকাসক্তদের চিকিৎসার জন্য প্রতিটি সরকারি মেডিকেল কলেজে ২০ শয্যা, পাবনা মানসিক হাসপাতালে ৫০ শয্যা এবং জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটে ১০০ শয্যার ওয়ার্ড চালুর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিজস্ব জমিতে ২২.২৯ কোটি টাকা ব্যয়ে ৯ তলা ভবন নির্মাণ করা হয়েছে। চাকরিতে প্রবেশের ক্ষেত্রে ডোপটেস্ট করার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছে। ফায়ার সার্ভিসের আওতায় কল্যাণ ট্রাস্ট গঠন করা হয়েছে। ফায়ার সার্ভিস কর্তৃক ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস' ৯৯৯ এর আওতায় এ পর্যন্ত ১৫৪৭৯টি কলে সাড়া প্রদান করা হয়েছে। ২০১৬ সাল থেকে ন্যাশনাল হাইওয়ের ৯৫টি পয়েন্টে রোড রেসকিউ টিম নিয়োগ করা হয়েছে। সারা দেশে ১৩৯৮৬টি ভবন/স্থাপনার অগ্নি নিরাপত্তা ব্যবস্থা সার্ভে করা হয়েছে। ৩৩৬৮৭ জনকে ফায়ার সার্ভিসের এ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হয়েছে। গত ৩ বছরে ৫১৫০২টি অগ্নি দুর্ঘটনায় সাড়া প্রদান করে ৫১৫৮ কোটি টাকার সম্পদ রক্ষা করা হয়েছে। পাসপোর্ট রুলস ১৯৭৪ সংশোধন করা হয়েছে। ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার কন্ট্রোল ব্যবস্থাপনার জন্য ২০১৮ সালে জার্মানির একটি কোম্পানির সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। দেশে আশ্রয় গ্রহণকারী ১১১৮৫৫৪ জন রোহিঙ্গা শরণার্থীর বায়োমেট্রিক তথ্য নিবন্ধন করা হয়েছে। কুয়ালালামপুরে পৃথক পাসপোর্ট অফিস স্থাপন করে গত ২ বছরে ২১০৯৩৮টি পাসপোর্ট প্রদান করা হয়েছে। নবনির্মিত সিলেট কেন্দ্রীয় কারাগার এবং কিশোরগঞ্জ, ফেনী, মাদারীপুর ও পিরোজপুর জেলা কারাগারে বন্দি স্থানান্তর করা হয়েছে। কারাবন্দিদের উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% তাদেরকে প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বন্দি স্থানান্তরকালে জন প্রতি খোরাকি ভাতা ১০০ টাকায় এবং কারাগারের ধর্মীয় শিক্ষকদের সম্মানী ভাতা ২০০ টাকায় উন্নীত করা হয়েছে। গত ৩ বছরে ১৭৭৪৯ জন কারাবন্দিকে প্যারালিগ্যাল সার্ভিস প্রদান করা হয়েছে এবং ৭ হাজার কারাবন্দিকে ৩৮টি ট্রেডের আওতায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সীমিত স্পেস, দক্ষ জনবলের স্বল্পতা এবং অপর্যাপ্ত সাজ-সরঞ্জাম এর মাধ্যমে মাদক নির্মূল, অগ্নিসহ অন্যান্য দুর্যোগ সফলভাবে মোকাবেলা, পাসপোর্ট ও ভিসা সেবা সহজিকরণ এবং কারাগারসমূহকে পর্যায়ক্রমে সংশোধনাগারে রূপান্তর করা এ বিভাগের জন্য বড় চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসনের লক্ষ্যে মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রকে ২৫০ শয্যায় উন্নীতকরণ, মাদকাসক্ত সনাক্তকরণের জন্য ডোপটেস্ট নীতিমালা প্রণয়ন এবং মাদক সংক্রান্ত প্রশিক্ষণ একাডেমি নির্মাণ, প্রত্যেক উপজেলায় ১টি করে ফায়ার স্টেশন নির্মাণ, ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন, এয়ারপোর্টসমূহে ই-গেইট স্থাপন, ভিসা নীতিমালা প্রণয়ন, কারাগারে প্রিজন লিংক প্রকল্প বাস্তবায়ন, কারা প্রশিক্ষণ একাডেমি নির্মাণ এবং কারাবন্দিদের ডাটাবেজ প্রস্তুতকরণ।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ১০০০ কারাবন্দি পোষ্যকে বৃত্তি প্রদান এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংরক্ষণ কর্মসূচি উদ্বোধন করা হবে;
- মাদকবিরোধী এ্যানফোর্সমেন্ট কমিটির ৫টি সভা আহবান এবং বিভাগীয় পর্যায়ে ০৫টি সমাবেশ আয়োজন করা হবে;
- ৫০টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হবে;
- ১২টি মাদকবিরোধী অস্থায়ী চেকপোস্টের কার্যক্রম মূল্যায়ন করা হবে;
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অর্গানোগ্রাম পুনর্গঠন করা হবে;
- ই-পাসপোর্ট চালু এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৩টি ই-গেইট স্থাপন করা হবে।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৯ সালের জুলাই মাসের ১৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সুরক্ষিত নাগরিক।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, দুর্যোগ মোকাবেলা, মাদক নিয়ন্ত্রণ, সুষ্ঠু কারা ব্যবস্থাপনা এবং বিদেশ গমনাগমন আরো সহজ, টেকসই ও সময়োপযোগী করার মাধ্যমে নাগরিক সেবা ও নাগরিক মর্যাদা বৃদ্ধি করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন;
২. অগ্নি এবং অন্যান্য প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ মোকাবেলার সক্ষমতা বৃদ্ধিকরণ;
৩. পাসপোর্ট ও ভিসা সেবা কার্যক্রম সহজিকরণ;
৪. কারাগারসমূহকে সংশোধনাগারে রূপান্তর;
৫. সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রমের সমন্বয় সাধন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সুরক্ষা সেবা সংক্রান্ত বিধি-বিধান এবং নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
২. কারা ব্যবস্থাপনার আধুনিকায়ন;
৩. মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার রোধকরণ;
৪. পাসপোর্ট, ভিসা ও নাগরিকত্ব প্রদান সহজিকরণ;
৫. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কার্যক্রম পরিচালনা;
৬. প্রাকৃতিক ও সামাজিক দুর্যোগকালে উদ্ধার কাজে সহায়তা এবং
৭. বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও দেশের সাথে লিয়াজোঁ রক্ষা ও চুক্তি সম্পাদন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২০-২১ | ২০২১-২০২২ | | |
| মাদকের ভয়াবহতা হ্রাস | আয়োজিত এ্যানফোর্সমেন্ট কমিটির সভা | সংখ্যা | - | ০২ | ০৫ | ০৮ | ১২ | জননিরাপত্তা বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, জেলা প্রশাসনসমূহ | সুরক্ষা সেবা বিভাগ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক ও মাসিক প্রতিবেদন |
| | সুরক্ষা সেবা বিভাগে আয়োজিত মাসিক পরিবীক্ষণ সভা | সংখ্যা | ১০ | ০৭ | ০৮ | ১০ | ১২ | জননিরাপত্তা বিভাগ, জেলা প্রশাসনসমূহ | সুরক্ষা সেবা বিভাগের মাসিক প্রতিবেদন |
| অগ্নিদুর্ঘটনা হ্রাস | অগ্নি নির্বাপণী মহড়ার কার্যকারিতা পরিদর্শন | সংখ্যা | - | - | ৬০ | ১০০ | ১২০ | জননিরাপত্তা বিভাগ, বিদ্যুৎ বিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সুরক্ষা সেবা বিভাগ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মাসিক প্রতিবেদন |
| | উন্নয়ন প্রকল্পের আওতায় নূতন ফায়ার স্টেশন স্থাপন | সংখ্যা | ৪৭ | ৬৩ | ১১৬ | ১২৭ | ১৯২ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জেলা প্রশাসনসমূহ | সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| পাসপোর্ট ও ইমিগ্রেশন সেবা সহজিকৃত | ই-পাসপোর্ট ইস্যুর কার্যক্রম শুরু | তারিখ | ১৭-০৭-২০১৮ | ২১-০৬-২০১৮ | ৩১-০৮-২০১৯ | - | - | জননিরাপত্তা বিভাগ, অর্থ বিভাগ | সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ০৩টি ই-গেইট স্থাপন | তারিখ | ১৭-০৭-২০১৮ | ২১-০৬-২০১৮ | ৩১-১২-২০১৯ | ৩১-১২-২০১৯ | ৩১-১২-২০২১ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, অর্থ বিভাগ | সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| কারাগারসমূহ সংশোধনাগারে রূপান্তর | কারাগারের ধারণ ক্ষমতা বৃদ্ধিকরণ | সংখ্যা | ৩৬৬১৪ | ৪০৬৬৪ | - | ৪০৮০০ | ৪০৯০০ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জেলা প্রশাসনসমূহ | কারা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন। |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন; | ২০ | [১.১] মাদকবিরোধী কার্যক্রম পরিচালনা | [১.১.১] আয়োজিত এ্যানফোর্সমেন্ট কমিটির সভা | সমষ্টি | সংখ্যা | ২ | | ২ | ৫ | ৪ | | | | ৮ | ১২ |
| | | | [১.১.২] আয়োজিত মাদকবিরোধী সমাবেশ (বিভাগ পর্যায়ে) | সমষ্টি | সংখ্যা | ২ | ৬ | ২ | ৫ | ৪ | ৩ | | | ১০ | ১২ |
| | | | [১.১.৩] সুরক্ষা সেবা বিভাগে আয়োজিত মাদক সংক্রান্ত মাসিক পরিবীক্ষণ সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ১০ | ৭ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | | [১.১.৪] কারাগারসমূহে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম মূল্যায়ন | সমষ্টি | সংখ্যা (কারাগার) | ২ | ১০ | ২৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৫০ | ৬০ |
| | | | [১.১.৫] শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটির কার্যক্রম মূল্যায়ন | সমষ্টি | সংখ্যা (শিক্ষা প্রতিষ্ঠান) | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১৫০ | ২০০ |
| | | | [১.১.৬] পরিচালিত মাদকবিরোধী অভিযান | সমষ্টি | সংখ্যা | ১ | ৩২০৯০ | ৪৪৬১৪ | ৪৬৫০০ | ৪৬০০০ | ৪৫৫০০ | ৪৫০০০ | ৪৪৭০০ | ৪৭০০০ | ৪৮০০০ |
| | | [১.২] মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মূল্যায়ন | [১.২.১] পরিদর্শনকৃত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র | সমষ্টি | সংখ্যা | ২ | | ১০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৬০ | ৭০ |
| | | | [১.২.২] সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মূল্যায়ন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | ৪ | ৪ |
| | | [১.৩] মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন | [১.৩.১] মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধি, ২০১৯ প্রণয়নের প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | তারিখ | তারিখ | ১ | | | ৩০.১০.১৯ | ৩০.১১.১৯ | ৩০.১২.১৯ | ৩০.০১.২০ | ৩০.০৫.২০ | | |
| | | | [১.৩.২] অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৯ প্রণয়নের প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | তারিখ | তারিখ | ১ | | | ২৭.০২.২০ | ৩০.০৩.২০ | ২৮.০৫.২০ | | | | |
| | | [১.৪] মাদকবিরোধী কার্যক্রমের আওতায় প্রকল্প গ্রহণ | [১.৪.১] মাদকবিরোধী অস্থায়ী চেকপোস্টের কার্যক্রম মূল্যায়ন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১২ | ১০ | ৮ | ৬ | ৪ | ২৪ | ৩০ |
| | | | [১.৪.২] ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | তারিখ | ১ | | | ২৮.০৮.১৯ | ২৯.০৯.১৯ | ২৮.১০.১৯ | ২৮.১১.১৯ | ২৯.১২.১৯ | | |
| | | | [১.৪.৩] মাদকাসক্ত সনাক্তকরণে ডোপটেস্ট প্রবর্তন শীর্ষক প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | তারিখ | ১ | | | ২৮.১১.১৯ | ৩০.১২.১৯ | ২৭.০২.২০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [২] অগ্নি এবং অন্যান্য প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ মোকাবেলার সক্ষমতা বৃদ্ধিকরণ; | ১৯ | [২.১] ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জনবল কাঠামোর পুনর্গঠন | [২.১.১] পুনর্গঠনের প্রস্তাব যাচাই-বাছাই পূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | তারিখ | ২ | | | ০১.১০.১৯ | ০৩.১১.১৯ | ০১.১২.১৯ | ০১.০১.২০ | | | |
| | | [২.২] অগ্নি প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন | [২.২.১] কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুতকরণ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১৭৫০ | ১৭৮১ | ১৮৪০ | ১৮২০ | ১৭৯০ | ১৭৮১ | | ২৭৬০ | ৩৬৮০ |
| | | | [২.২.২] বহুতল ভবনে পরিচালিত অগ্নিনির্বাপণী মহড়া পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩০ | ২৮ | ২৫ | ২২ | ২০ | ৫০ | ৬০ |
| | | | [২.২.৩] বস্তি এলাকায় পরিচালিত মহড়া পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩০ | ২৮ | ২৫ | ২২ | ২০ | ৫০ | ৬০ |
| | | [২.৩] ফায়ার সার্ভিস সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন | [২.৩.১] অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধনের প্রস্তাব আইন ও বিচার বিভাগে প্রেরণ | তারিখ | তারিখ | ২ | | | ০২.০২.২০ | ০১.০৩.২০ | ০১.০৪.২০ | ০৩.০৫.২০ | | | |
| | | | [২.৩.২] ফায়ার সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৯৯ সংশোধনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | তারিখ | ১ | | | ০১.১০.১৯ | ০৩.১১.১৯ | ০১.১২.১৯ | ০১.০১.২০ | | | |
| | | [২.৪] ফায়ার সার্ভিসের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | [২.৪.১] ১৫৬ ও ২৫ (সংশোধিত ৪৬) প্রকল্পের আওতায় স্থাপিত ফায়ার স্টেশন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৪৭ | ৬৩ | ১১৬ | ১০৪ | ৯৭ | ৮৫ | ৭৩ | ১৯২ | |
| | | | [২.৪.২] ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের জমি অধিগ্রহণ সম্পন্নকরণ | সমষ্টি | সংখ্যা | ২ | | ১ | ৭ | ৬ | ৫ | | | | |
| | | | [২.৪.৩] স্ট্রেংদেনিং এ্যাবিলিটি অব ফায়ার ইমার্জেন্সি রেসপন্স প্রকল্পের কাজ বাস্তবায়ন | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ৩০ | ২৮ | ২৫ | ২২ | ২০ | ১০০ | |
| | | | [২.৪.৪] ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্পের কাজ সম্পন্নকরণ | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ৪০ | ৩৮ | ৩৫ | ৩২ | ৩০ | ১০০ | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] পাসপোর্ট ও ভিসা সেবা কার্যক্রম সহজিকরণ; | ১৭ | [৩.১] মাঠ পর্যায়ের পাসপোর্ট সেবা কার্যক্রম পরিবীক্ষণ | [৩.১.১] বিভাগীয়/আঞ্চলিক অফিসের পাসপোর্ট ইস্যু কার্যক্রম পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ২ | ১০ | ১৫ | ৩০ | ২৮ | ২৫ | ২২ | ২০ | ৪০ | ৫০ |
| | | | [৩.১.২] সম্প্রসারিত পাসপোর্ট সেবা কার্যক্রম (জনসংখ্যার অনুপাতে) | গড় | % | ২ | ১২.৭০ | ১৫.০০ | ১৬.২০ | ১৫.৭০ | ১৫.৩০ | ১৫.০০ | ১২.৭০ | ১৭.৫০ | ২০.০০ |
| | | | [৩.১.৩] ১০টি বৈদেশিক মিশনের এমআরপি কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত ৩০টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | তারিখ | ১ | | | ৩১.১২.১৯ | ৩০.০১.২০ | ২৫.০২.২০ | ২৫.০৩.২০ | ২৬.০৪.২০ | | |
| | | [৩.২] উন্নত প্রযুক্তি সম্পন্ন ই-পাসপোর্ট ইস্যুর কার্যক্রম শুরু করা | [৩.২.১] ই-পাসপোর্ট ইস্যুর কার্যক্রম শুরু | তারিখ | তারিখ | ২ | | | ২৯.০৮.১৯ | ৩০.০৯.১৯ | ৩১.১০.১৯ | ২৮.১১.১৯ | ৩১.১২.১৯ | | |
| | | | [৩.২.২] হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে স্থাপিত ০৩টি ই-গেইট | তারিখ | তারিখ | ২ | | | ৩১.১২.১৯ | ৩০.০১.২০ | ২৫.০২.২০ | ২৫.০৩.২০ | ২৬.০৪.২০ | | |
| | | [৩.৩] পাসপোর্ট ও ভিসা সেবা সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন | [৩.৩.১] প্রণীত খসড়া ভিসা নীতিমালা | তারিখ | তারিখ | ১ | | | ৩১.১২.১৯ | ৩০.০১.২০ | ২৭.০২.২০ | ৩১.০৩.২০ | | | |
| | | | [৩.৩.২] প্রণীত খসড়া ইমিগ্রেশন নীতিমালা | তারিখ | তারিখ | ১ | | | ৩০.০৪.২০ | ১৪.০৫.২০ | ৩০.০৬.২০ | | | | |
| | | [৩.৪] পাসপোর্ট ও ভিসা সেবা সংক্রান্ত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | [৩.৪.১] মন্ত্রণালয় পর্যায়ে ই-ভিসা ও ই-টিপি প্রকল্পের ডিপিপি অনুমোদন | তারিখ | তারিখ | ২ | | | ১৪.০৫.২০ | ৩১.০৫.২০ | ১৫.০৬.২০ | ২৫.০৬.২০ | | | |
| | | | [৩.৪.২] ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ডিপিপি প্রণয়ন | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩১.০৫.২০ | ২৫.০৬.২০ | | | |
| | | | [৩.৪.৩] ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবনের নির্মাণ কাজ সম্পন্নকরণ | তারিখ | তারিখ | ১ | | | ১০.০৬.২০ | ২১.০৬.২০ | ৩০.০৬.২০ | | | | |
| | | | [৩.৪.৪] ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণের জন্য ভূমি অধি গ্রহণের কাজ সম্পন্নকরণ | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩১.০৫.২০ | ১৫.০৬.২০ | | | |
| | | | [৩.৪.৫] মন্ত্রণালয় পর্যায়ে ডিআইপি'র প্রধান কার্যালয় ভবন নির্মাণ প্রকল্পের ডিপিপি অনুমোদন | তারিখ | তারিখ | ১ | | | ২৭.০২.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩১.০৫.২০ | ২৫.০৬.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৪] কারাগারসমূহকে সংশোধনাগারে রূপান্তর; | ১৭ | [৪.১] কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | [৪.১.১] বন্দি ধারণ ক্ষমতা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ৩৬৬১৪ | ৪০৬৬৪ | ৪০৮০০ | ৪০৭৫০ | ৪০৭০০ | ৪০৬৬৪ | | ৪০৯০০ | ৪১০০০ |
| | | [৪.২] কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদান | [৪.২.১] প্রদানকৃত প্যারালিগ্যাল সার্ভিস কার্যক্রম মূল্যায়ন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ২৮ | ২৬ | ২৪ | ২২ | ২০ | ৪০ | ৪৫ |
| | | | [৪.২.২] লিগ্যাল এইড কমিটিকে প্রদানকৃত আইনি সহায়তা বিষয়ক কার্যক্রম মূল্যায়ন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪০ | ৩৮ | ৩৫ | ৩৩ | ৩০ | ৬৮ | ৬৮ |
| | | [৪.৩] কারাবন্দিদের জন্য প্রিজন লিংক প্রকল্প বাস্তবায়ন | [৪.৩.১] প্রিজন লিংক কার্যক্রম মূল্যায়নের জন্য দৈবচয়ন পদ্ধতিতে উপকারভোগীদের সাক্ষাতকার গ্রহণ | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১৫ | ১৩ | ১২ | ১১ | ১০ | ২৫ | ৩৫ |
| | | [৪.৪] কারাবন্দিদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান | [৪.৪.১] প্রদানকৃত প্রশিক্ষণ মূল্যায়ন | সমষ্টি | সংখ্যা (কারাগার) | ২ | | | ২৩ | ২১ | ২০ | ১৮ | ১৬ | ২৫ | ৩০ |
| | | [৪.৫] কারাবন্দিদের পুনর্বাসনের জন্য কার্যক্রম বাস্তবায়ন | [৪.৫.১] কারাবন্দিগণ কৃর্তক উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% কারাবন্দিকে প্রদান | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | ৩৯৫০ | ৪২০০ | ৪১০০ | ৪০০০ | ৩৯৫০ | | ৪৩৫০ | ৪৫০০ |
| | | | [৪.৫.২] লভ্যাংশ প্রদানের কার্যক্রম সম্প্রসারণ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | ২৩ | ২৭ | ২৫ | ২৪ | | | ৩০ | ৩৫ |
| | | [৪.৬] বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে বিশেষ কর্মসূচি উদযাপন | [৪.৬.১] কারাবন্দিদের পোষ্যদের অনুকূলে বঙ্গবন্ধু বৃত্তি প্রদান | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ১৫০০ | ২০০০ |
| | | | [৪.৬.২] বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংরক্ষণ কার্যক্রম উদ্বোধন | তারিখ | তারিখ | ৩ | | | ১৭.০৩.২০ | ১৯.০৪.২০ | ১৭.০৫.২০ | ১৭.০৬.২০ | | | |
| [৫] সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রমের সমন্বয় সাধন। | ২ | [৫.১] মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রম সরেজমিন পরিদর্শন | [৫.১.১] পরিদর্শনে মাঠ পর্যায়ের প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৬ | ৫ | ৪ | | | ১২ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১১ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | গড় | % | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃকডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০২.২০ | ১৫.০৩.২০ | ৩১.০৩.২০ | ৩০.০৪.২০ | ৩০.০৫.২০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১১.০৩.২০ | ১৮.০৩.২০ | ২৫.০৩.২০ | ০১.০৪.২০ | ০৮.০৪.২০ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১০.০১.২০ | ১৭.০১.২০ | ২৪.০১.২০ | ২৮.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সেবা সহজিকরণ | [১.৫.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.১০.১৯ | ২০.১০.১৯ | ২৪.১০.১৯ | ২৮.১০.১৯ | ৩০.১০.১৯ | | |
| | | | [১.৫.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৫.০৪.২০ | ৩০.০৪.২০ | ১৫.০৫.২০ | ৩০.০৫.২০ | ১৫.০৬.২০ | | |
| | | [১.৬] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৬.১] পি আর এল আদেশ জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [১.৬.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [১.৭] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [১.৭.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [১.৭.২] নিয়োগ প্রদানকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [১.৮] বিভাগীয় মামলা নিষ্পত্তি | [১.৮.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | [১.৯] তথ্যবাতায়ন হালনাগাদকরণ | [১.৯.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্যহালনাগাদকৃত | গড় | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [২] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৬০ | | | | | | |
| | | | [২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন নির্ধারিত সময়ে অনলাইনে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | | |
| | | | [২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | | [২.১.৪] দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.০১.২০ | ০৭.০২.২০ | ১০.০২.২০ | ১১.০২.২০ | ১৪.০২.২০ | | |
| | | [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | | | |
| | | | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১০.১৯ | ১৫.১১.১৯ | ১৫.১২.১৯ | ১৫.০১.২০ | ৩১.০১.২০ | | |
| | | [২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | গড় | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | |
| | | | [২.৩.২] অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ১২ | ১১ | ১০ | ৯ | | | |
| | | [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | গড় | % | ১ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | |
| | | | [২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | তারিখ | ০.৫ | | | ৩১.১২.১৯ | ১৫.০১.২০ | ০৭.০২.২০ | ১৭.০২.২০ | ২৮.০২.২০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন* ২০১৮-১৯ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ | | | | | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ০.৫ | | | ১৬.০৮.১৯ | ২০.০৮.১৯ | ২৪.০৮.১৯ | ২৮.০৮.১৯ | ৩০.০৮.১৯ | | |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৩] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.৩.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৪] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৪.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য উপস্থাপিত অডিট আপত্তি | সমষ্টি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [৩.৪.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.৫] টেলিফোন বিল পরিশোধ | [৩.৫.১] টেলিফোন বিল পরিশোধিত | সমষ্টি | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.৬] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধ | [৩.৬.১] ইন্টারনেট বিল পরিশোধিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

সচিব
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

১৬।০৭।২০১৯
তারিখ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

১৬. ০৭. ২০১৯
তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিজিবি | বর্ডার গার্ড বাংলাদেশ; |
| ২ | ইটিপি | ইলেক্ট্রনিক ট্রাভেল পারমিট; |
| ৩ | ভিডিপি | ভিলেজ ডিফেন্স পার্টি; |
| ৪ | এমআরপি | মেশিন রিডেবল পাসপোর্ট; |
| ৫ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্ল্যান। |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] মাদকবিরোধী কার্যক্রম পরিচালনা | [১.১.১] আয়োজিত এ্যানফোর্সমেন্ট কমিটির সভা | মাদকবিরোধী কার্যক্রম মূল্যায়নের লক্ষ্যে সচিব, সুরক্ষা সেবা বিভাগের নেতৃত্বে এ্যানফোর্সমেন্ট কমিটি কাজ করছে। নির্দিষ্ট সময় অন্তর অন্তর কমিটির সভা হয়ে থাকে। | সুরক্ষা সেবা বিভাগ | আয়োজিত সভার সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [১.১.২] আয়োজিত মাদকবিরোধী সমাবেশ (বিভাগ পর্যায়ে) | মাদকের ভয়াবহতা সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভাগীয় পর্যায়ে মাদকবিরোধী গণসমাবেশের আয়োজন করা হয়ে থাকে। | সুরক্ষা সেবা বিভাগ | আয়োজিত সমাবেশের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [১.১.৩] সুরক্ষা সেবা বিভাগে আয়োজিত মাদক সংক্রান্ত মাসিক পরিবীক্ষণ সভা | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত কার্যক্রমের পরিসংখ্যানের উপর সুরক্ষা সেবা বিভাগে নির্দিষ্ট সময় অন্তর অন্তর পরিবীক্ষণ সভা হয়ে থাকে। | সুরক্ষা সেবা বিভাগ | আয়োজিত সভার সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [১.১.৪] কারাগারসমূহে পরিচালিত মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম মূল্যায়ন | মাদক সংক্রান্ত অপরাধে আটক কারাবন্দিদের উদ্দেশ্যে কারাগারে মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়। সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে এ সব কার্যক্রমের প্রভাব মূল্যায়ন করা হয়ে থাকে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কারা অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | মূল্যায়নকৃত কার্যক্রমের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কারা অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [১.১.৫] শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটির কার্যক্রম মূল্যায়ন | মাদকের ভয়াবহতা সম্পর্কে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠন করা হয়ে থাকে। সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে এ সব কমিটির প্রভাব মূল্যায়ন করা হয়ে থাকে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | মূল্যায়নকৃত কমিটির সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [১.১.৬] পরিচালিত মাদকবিরোধী অভিযান | মাদকের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স নীতি বাস্তবায়নের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সমন্বয়ে মাঠ পর্যায়ে নিয়মিত মাদকবিরোধী অভিযান পরিচালনা করা হয়ে থাকে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | মাসিক ভিত্তিতে পরিচালিত অভিযানের সংখ্যার উপর নির্ভর করে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহের মাসিক প্রতিবেদন। |
| [১.২] মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মূল্যায়ন | [১.২.১] পরিদর্শনকৃত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র | সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম সরেজমিন মূল্যায়ন করা হয়ে থাকে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | মূল্যায়নকৃত কেন্দ্রের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [১.২.২] সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মূল্যায়ন | সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক সরকারি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম সরেজমিন মূল্যায়ন করা হয়ে থাকে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | মূল্যায়নকৃত কেন্দ্র ও রোগীর সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৩] মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন | [১.৩.১] মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধি, ২০১৯ প্রণয়নের প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | বাস্তবতার নিরিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিদ্যমান নিয়োগ বিধি সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | সংশোধনের ধাপের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [১.৩.২] অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৯ প্রণয়নের প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | বাস্তবতার নিরিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিদ্যমান অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | সংশোধনের ধাপের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৪] মাদকবিরোধী কার্যক্রমের আওতায় প্রকল্প গ্রহণ | [১.৪.১] মাদকবিরোধী অস্থায়ী চেকপোস্টের কার্যক্রম মূল্যায়ন | ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকায়ন করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | ডিপিপি অনুমোদনের ধাপের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৪] মাদকবিরোধী কার্যক্রমের আওতায় প্রকল্প গ্রহণ | [১.৪.২] ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ | সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক মাদকবিরোধী অস্থায়ী চেকপোস্টের কার্যক্রম সরেজমিন মূল্যায়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | মূল্যায়নকৃত চেকপোস্টের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [১.৪.৩] মাদকাসক্ত সনাক্তকরণে ডোপটেস্ট প্রবর্তন শীর্ষক প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ | মাদকাসক্ত সনাক্তকরণে ডোপটেস্ট চালু করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | ডিপিপি অনুমোদনের ধাপের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [২.১] ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জনবল কাঠামোর পুনর্গঠন | [২.১.১] পুনর্গঠনের প্রস্তাব যাচাই-বাছাই পূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জনবল কাঠামো পুনর্গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | পুনর্গঠনের পর্যায়ের ধাপের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [২.২] অগ্নি প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন | [২.২.১] কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুতকরণ | দুর্যোগ প্রতিরোধ ও প্রশমনে কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুত করে তাদেরকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | কমিউনিটি ভলান্টিয়ারের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [২.২.২] বহুতল ভবনে পরিচালিত অগ্নিনির্বাপণী মহড়া পরিদর্শন | অগ্নিদুর্ঘটনা প্রতিরোধকল্পে বহুতল ভবনে অগ্নিনির্বাপণী মহড়া পরিচালনা করা হয়। এ সব মহড়ার প্রভাব সম্পর্কে মূল্যায়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | মহড়ার সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [২.২.৩] বস্তি এলাকায় পরিচালিত মহড়া পরিদর্শন | অগ্নিদুর্ঘটনা প্রতিরোধকল্পে বস্তি এলাকায় অগ্নিনির্বাপণী মহড়া পরিচালনা করা হয়। এ সব মহড়ার প্রভাব সম্পর্কে মূল্যায়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | মহড়ার সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৩] ফায়ার সার্ভিস সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন | [২.৩.১] অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধনের প্রস্তাব আইন ও বিচার বিভাগে প্রেরণ | বাস্তবতার নিরিখে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | সংশোধনের ধাপের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [২.৩.২] ফায়ার সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৯৯ সংশোধনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | বাস্তবতার নিরিখে বিদ্যমান নিয়োগ বিধি সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | সংশোধনের ধাপের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [২.৪] ফায়ার সার্ভিসের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | [২.৪.১] ১৫৬ ও ২৫ (সংশোধিত ৪৬) প্রকল্পের আওতায় স্থাপিত ফায়ার স্টেশন | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী দেশের প্রতি উপজেলায় অন্তত একটি ফায়ার স্টেশন নির্মাণের জন্য বর্তমানে ৩টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | স্থাপিত ফায়ার স্টেশনের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [২.৪.২] ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের জমি অধিগ্রহণ সম্পন্নকরণ | শিল্প অধ্যুষিত অঞ্চলের অগ্নি নিরাপত্তার স্বার্থে ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | স্থাপিত মডার্ণ ফায়ার স্টেশনের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [২.৪.৩] স্ট্রেংদেনিং এ্যাবিলিটি অব ফায়ার ইমার্জেন্সি রেসপন্স প্রকল্পের কাজ বাস্তবায়ন | ফায়ার সার্ভিসের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে স্ট্রেংদেনিং এ্যাবিলিটি অব ফায়ার ইমার্জেন্সি রেসপন্স প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | বাস্তবায়নের শতকরা হারের ভিত্তিতে পরিমাপ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [২.৪] ফায়ার সার্ভিসের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | [২.৪.৪] ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্পের কাজ সম্পন্নকরণ | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ডুবরি ইউনিট সম্প্রসারণের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | প্রকল্প শতকরা হারের ভিত্তিতে পরিমাপ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.১] মাঠ পর্যায়ের পাসপোর্ট সেবা কার্যক্রম পরিবীক্ষণ | [৩.১.১] বিভাগীয়/আঞ্চলিক অফিসের পাসপোর্ট ইস্যু কার্যক্রম পরিদর্শন | সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বিভাগীয়/আঞ্চলিক অফিসের পাসপোর্ট ইস্যু কার্যক্রম সরেজমিন মূল্যায়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | মূল্যায়নকৃত অফিসের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [৩.১.২] সম্প্রসারিত পাসপোর্ট সেবা কার্যক্রম (জনসংখ্যার অনুপাতে) | বিদেশ গমনাগমন সহজিকরণের লক্ষ্যে পাসপোর্ট সেবা সম্প্রসারণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | জনসংখ্যা ও পাসপোর্ট সেবা গ্রহণকারীর অনুপাতের ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [৩.১.৩] ১০টি বৈদেশিক মিশনের এমআরপি কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত ৩০টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | ১০টি বৈদেশিক মিশনের এমআরপি কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত ৩০টি পদ সৃজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | পদ সৃজনের অনুমোদিত ধাপের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.২] উন্নত প্রযুক্তি সম্পন্ন ই-পাসপোর্ট ইস্যুর কার্যক্রম শুরু করা | [৩.২.১] ই-পাসপোর্ট ইস্যুর কার্যক্রম শুরু | বিদেশে বাংলাদেশী পাসপোর্টের মর্যাদা বৃদ্ধি এবং নিরাপত্তার স্বার্থে ই-পাসপোর্ট কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | ই-পাসপোর্ট ইস্যুর তারিখের ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [৩.২.২] হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে স্থাপিত ০৩টি ই-গেইট | ইমিগ্রেশন ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে বিমান বন্দরে ই-গেইট স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | ভিসা নীতিমালা অনুমোদন সংক্রান্ত বিভিন্ন পর্যায়ের সম্মতির ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.৩] পাসপোর্ট ও ভিসা সেবা সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন | [৩.৩.১] প্রণীত খসড়া ভিসা নীতিমালা | ভিসা সেবা সহজিকরণের লক্ষ্যে বাস্তবতার নিরিখে ভিসা নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | ভিসা নীতিমালা অনুমোদন সংক্রান্ত বিভিন্ন পর্যায়ের সম্মতির ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [৩.৩.২] প্রণীত খসড়া ইমিগ্রেশন নীতিমালা | ইমিগ্রেশন সেবা সহজিকরণের লক্ষ্যে বাস্তবতার নিরিখে ইমিগ্রেশন নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | ইমিগ্রেশন নীতিমালা অনুমোদন সংক্রান্ত বিভিন্ন পর্যায়ের সম্মতির ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.৪] পাসপোর্ট ও ভিসা সেবা সংক্রান্ত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | [৩.৪.১] মন্ত্রণালয় পর্যায়ে ই-ভিসা ও ই-টিপি প্রকল্পের ডিপিপি অনুমোদন | নির্বাচনী ইশতেহার, ২০১৮ এর আলোকে ই-ভিসা ও ই-টিপি প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | ডিপিপি অনুমোদনের ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [৩.৪.২] ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ডিপিপি প্রণয়ন | ইমিগ্রেশন ও পাসপোর্ট সেবা দক্ষতার সাথে প্রদানের লক্ষ্যে আধুনিক মানের প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | ডিপিপি অনুমোদনের ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [৩.৪.৩] ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবনের নির্মাণ কাজ সম্পন্নকরণ | ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবনের নির্মাণ কাজ ডিপিপি অনুযায়ী সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | ডিপিপি অনুমোদনের ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.৪] পাসপোর্ট ও ভিসা সেবা সংক্রান্ত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | [৩.৪.৪] ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণের জন্য ভূমি অধি গ্রহণের কাজ সম্পন্নকরণ | ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | ভূমি অধিগ্রহণের পর্যায়ের ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [৩.৪.৫] মন্ত্রণালয় পর্যায়ে ডিআইপি'র প্রধান কার্যালয় ভবন নির্মাণ প্রকল্পের ডিপিপি অনুমোদন | ডিআইপি'র প্রধান কার্যালয় ভবন নির্মাণ প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | ডিপিপি অনুমোদনের ভিত্তিতে পরিমাপ করা হয়। | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [৪.১] কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | [৪.১.১] বন্দি ধারণ ক্ষমতা | কারাবন্দিদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে দেশের কারাগারসমূহের ধারণ ক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে পুরাতন কারাগার এর স্থলে নতুন কারাগার নির্মাণ করা হয়েছে এবং পুরানো কারাগারও ব্যবহার করা হচ্ছে। | কারা অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | নির্মিত কারাগার এবং সংস্কারকৃত কারাগারের ধারণক্ষমতার ভিত্তিতে পরিমাপ করা হয়। | কারা অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদান | [৪.২.১] প্রদানকৃত প্যারালিগ্যাল সার্ভিস কার্যক্রম মূল্যায়ন | জিইজেড এর সহযোগিতায় দেশের ২৮টি কারাগারের কারাবন্দিদেরকে প্যারালিগ্যাল সার্ভিস প্রদান করা হচ্ছে। | কারা অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | আইনি সহায়তা প্রদত্ত কারাবন্দিদের সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | কারা অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [৪.২.২] লিগ্যাল এইড কমিটিকে প্রদানকৃত আইনি সহায়তা বিষয়ক কার্যক্রম মূল্যায়ন | কারা অধিদপ্তর কর্তৃক দেশের ৬৪ জেলায় লিগ্যাল এইড কমিটিকে আইনি সহায়তা প্রদান করা হয়। এরূপ সহায়তার বিভিন্ন বিষয় মূল্যায়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | কারা অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | আইনি সহায়তা প্রদানের গুণগত মানের উপর ভিত্তি করে পরিমাপ করা হয়ে থাকে। | কারা অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [৪.৩] কারাবন্দিদের জন্য প্রিজন লিংক প্রকল্প বাস্তবায়ন | [৪.৩.১] প্রিজন লিংক কার্যক্রম মূল্যায়নের জন্য দৈবচয়ন পদ্ধতিতে উপকারভোগীদের সাক্ষাতকার গ্রহণ | কারাবন্দিদের নির্দিষ্ট সময় অন্তর অন্তর তাদের পরিবার পরিজনদের সাথে কথা বলার সুযোগ দেয়ার লক্ষ্যে এটুআই প্রকল্পের সহায়তায় পরীক্ষামূলকভাবে টাঙ্গাইল জেলা কারাগারে প্রিজন লিংক প্রকল্প চালু করা হয়েছে। | কারা অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | প্রিজন লিংক প্রকল্পের সুফল ভোগীদের সন্তুষ্টির ভিত্তিতে পরিমাপ করা হয়। | কারা অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [৪.৪] কারাবন্দিদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান | [৪.৪.১] প্রদানকৃত প্রশিক্ষণ মূল্যায়ন | কারাবন্দিরা যাতে মুক্তিলাভের পর সমাজে পুনর্বাসিত হতে পারেন সে লক্ষ্যে তাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। | কারা অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | উপকারভোগীর সংখ্যার ভিত্তিতে মূল্যায়ন করা হয়। | কারা অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [৪.৫] কারাবন্দিদের পুনর্বাসনের জন্য কার্যক্রম বাস্তবায়ন | [৪.৫.১] কারাবন্দিগণ কৃর্তক উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% কারাবন্দিকে প্রদান | কারাবন্দিরা যাতে মুক্তিলাভের পর সমাজে পুনর্বাসিত হতে পারেন সে লক্ষ্যে তাদেরকে তাদের দ্বারা উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% প্রদান করা হচ্ছে। | কারা অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | উপকারভোগীর সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | কারা অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [৪.৫.২] লভ্যাংশ প্রদানের কার্যক্রম সম্প্রসারণ | লভ্যাংশ প্রদানের কার্যক্রম বর্তমানে ২৩ জেলে চালু আছে। এই কার্যক্রম ২৭ জেলে সম্প্রসারণ করা হবে। | কারা অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | উপকারভোগীর সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | কারা অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [৪.৬] বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে বিশেষ কর্মসূচি উদযাপন | [৪.৬.১] কারাবন্দিদের পোষ্যদের অনুকূলে বঙ্গবন্ধু বৃত্তি প্রদান | জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে কারাবন্দিদের পোষ্যদের মাঝে শিক্ষা বৃত্তি প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | কারা অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | উপকারভোগীর সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | কারা অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| | [৪.৬.২] বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংরক্ষণ কার্যক্রম উদ্বোধন | জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংরক্ষণের কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | কারা অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ | জাদুঘর সংরক্ষণের কর্মসূচি বাস্তবায়নের হারের ভিত্তিতে পরিমাপ করা হয়। | কারা অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক প্রতিবেদন। |
| [৫.১] মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রম সরেজমিন পরিদর্শন | [৫.১.১] পরিদর্শনে মাঠ পর্যায়ের প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভা | সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক প্রতিমাসে মাঠ পর্যায়ের অফিসগুলোর কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। এ সব পরিদর্শনে প্রদত্ত সুপারিশ যথাসময়ে এবং যথাযথভাবে সংশ্লিষ্ট অফিস কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে কি-না সে বিষয়ে বিভাগে সংশ্লিষ্টদের সমন্বয়ে সভা করে ফলোআপ করা হয়। | সুরক্ষা সেবা বিভাগ | বিভাগে আয়োজিত ফলাবর্তক সভার সংখ্যার ভিত্তিতে পরিমাপ করা হয়। | সুরক্ষা সেবা বিভাগের মাসিক প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন। |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | মন্ত্রিপরিষদ বিভাগ | পরিদর্শনকৃত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র | বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিচালনাকারী ব্যক্তিবর্গ অনেক সময় প্রকৃত তথ্য প্রদানে গড়িমসি করে থাকে। এ ক্ষেত্রে জেলা প্রশাসনের সহায়তা প্রয়োজন। | পরিদর্শনকালে সংশ্লিষ্ট জেলা প্রশাসন প্রয়োজনীয় আইনি সহায়তা প্রদান করতে পারে। | বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রোম সঠিকভাবে মূল্যায়ন করার ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হতে পারে। |
| মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ | ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রক্যেল্পর বিষয়ে দ্রুত পিইসি'র সভা আহবান করা। | পিইসি সভা ডিপিপি অনুমোদনের জন্য প্রয়োজন। | ডিপিপি অনুমোদন বিলম্বিত হতে পারে। |
| মন্ত্রণালয় | জনপ্রশাসন মন্ত্রণালয় | পুনর্গঠনের প্রস্তাব যাচাই-বাছাই পূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | জনবল কাঠামো পুনর্গঠনে দ্রুত সম্মতি প্রদান। | জনবল কাঠামো পুনর্গঠন এবং নিয়োগ বিধি সংশোধনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় এবং সচিব কমিটির সুপারিশের প্রয়োজন হয়। | জনবল কাঠামো পুনর্গঠনের কাজ বিলম্বিত হবে। |
| মন্ত্রণালয় | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | বৃদ্ধিপ্রাপ্ত বন্দি ধারণ ক্ষমতা | কারাগারসমূহে বর্তমানে দ্বিগুণের অধিক কারাবন্দি অবস্থান করছেন। এ সমস্যা সমাধানকল্পে বিভিন্ন স্থানে নতুন করে কারাগার নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। | প্রকল্প দ্রুত বাস্তবায়নের জন্য গণপূর্ত বিভাগ, স্থাপত্য অধিদপ্তর এবং প্ল্যানিং কমিশনের সহায়তা প্রয়োজন। | পুরাতন কারাগারসমূহের সম্প্রসারণের কাজ এবং বিভিন্ন সংস্কারমূলক কাজ বাস্তবায়নে সমস্যা হতে পারে। |
| মন্ত্রণালয় | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ই-পাসপোর্ট ইস্যুর কার্যক্রম শুরু | ই-পাসপোর্ট ও ই-গেইট এর জন্য ডিপিপি অনুযায়ী সময়মতো অর্থবরাদ্দ ও ছাড়করণ। | ডিপিপি অনুযায়ী সেবা প্রদানকারী প্রতিষ্ঠান মূল্য পরিশোধের জন্য তাগিদ প্রদান করায়। | ই-পাসপোর্ট ও ই-গেইট বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম বিলম্বিত হতে পারে। |
| মন্ত্রণালয় | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দরে স্থাপিত ০৩টি ই-গেইট | ই-পাসপোর্ট ও ই-গেইট এর জন্য ডিপিপি অনুযায়ী সময়মতো অর্থবরাদ্দ ও ছাড়করণ। | ডিপিপি অনুযায়ী সেবা প্রদানকারী প্রতিষ্ঠান মূল্য পরিশোধের জন্য তাগিদ প্রদান করায়। | ই-পাসপোর্ট ও ই-গেইট বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম বিলম্বিত হতে পারে। |
| মন্ত্রণালয় | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত মাদকবিরোধী সমাবেশ (বিভাগ পর্যায়ে) | মাদকবিরোধী সমাবেশে বাংলাদেশ পুলিশ, বিজিবি, আনসার ও ভিডিপি, বাংলাদেশ কোস্টগার্ড এর সদস্যবৃন্দকে অংশগ্রহণের অনুমতি প্রদান | উক্ত বাহিনীসমূহের সদস্যবৃন্দও মাদকবিরোধী অপারেশনাল কর্মকান্ড পরিচালনা করে থাকে। | মাদকবিরোধী সমাবেশের কাঙ্খিত ফল লাভ অর্জনে সমস্যা হতে পারে। |